# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২২৩

২৯/ আংটি (كتاب الخاتم)

পরিচ্ছেদঃ ৪. লোহার আংটি সম্পর্কে

## بَابُ مَا جَاءَ فِي خَاتَمِ الْحَدِيدِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ أَبِي رِزْمَةَ الْمَعْنَى، أَنَّ زَيْدَ بْنَ حُبَابٍ، أَخْبَرَهُمْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُسْلِمٍ السُّلَمِيِّ الْمَرْوَزِيِّ أَبِي طَيْبَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ رَجُلًا، جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِ خَاتَمٌ مِنْ شَبَهٍ، فَقَالَ لَهُ: مَا لِي أَجِدُ مِنْكَ رِيحَ الْأَصْنَامِ فَطَرَحَهُ، ثُمَّ جَاءَ وَعَلَيْهِ خَاتَمٌ مِنْ حَدِيدٍ، فَقَالَ: مَا لِي أَرَى عَلَيْكَ حِلْيَةَ أَهْلِ النَّارِ فَطَرَحَهُ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، مِنْ أَيِّ شَيْءٍ أَتَّخِذُهُ؟ قَالَ: اتَّخِذْهُ مِنْ وَرِقٍ، وَلَا تُتِمَّهُ مِثْقَالًا وَلَمْ يَقُلْ مُحَمَّدٌ: عَبْدَ اللَّهِ بْنَ مُسْلِمٍ، وَلَمْ يَقُلْ: الْحَسَنُ: السُّلَمِيَّ الْمَرْوَزِيَّ

ضعيف

বাংলা

৪২২৩। আব্দুল্লাহ ইবনু বুরাইদাহ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। একদা এক ব্যক্তি পিতলের আংটি পরিহিত অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলে তিনি তাকে বলেনঃ আমি তোমার কাছ থেকে মূর্তির গন্ধ পাচ্ছি কেন? এ কথা শুনে লোকটি আংটি ছুঁড়ে ফেলে দিলো। অতঃপর সে একটি লোহার আংটি পরে এলে তিনি বলেনঃ আমি তোমার নিকট জাহান্নামীদের অলংকার দেখছি কেন? লোকটি এটিও ছুঁড়ে ফেলে দিলো। লোকটি বললো, হে আল্লাহর রাসূল! তাহলে কিসের আংটি ব্যবহার করবো? তিনি বলেনঃ রূপার আংটি ব্যবহার করো, তবে তা যেন এক মিসকাল এর অধিক না হয়।[1]

দুর্বল।

## English

Narrated Buraydah ibn al-Hasib:

A man came to the Prophet (ﷺ) and he was wearing a signet-ring of yellow copper. He said to him: How is it that I notice the odour of idols in you? So he threw it away, and came wearing an iron signet ring. He (the Prophet) said: What is it that I see you wearing the adornment of the inhabitants of Hell? So he threw it away. He asked: Messenger of Allah, what material I must use? He said: Make it of silver, but do not weigh it as much as a mithqal,

The narrator Muhammad did not say: " 'Abd Allah b. Muslim," and al-Hasan did not say: "al-Sulami al-Marwazi."

## ফুটনোট

[1]. তিরমিযী, আহমাদ। ইমাম তিরমিযী বলেনঃ ‘এই হাদীসটি গরীব।’ সনদে আব্দুল্লাহ বিন মুসলিম সুলামী রয়েছে। ইমাম যাহাবী বলেনঃ সালিহুল হাদীস। আল্লামা হায়সামী বলেনঃ ‘তার দ্বারা দলীল গ্রহণ করা যাবে না।’ আর আব্দুল্লাহ ইবনু বুরাইদাহ হাদীসটি তার পিতা থেকে শুনেননি। ইমাম আহমাদ ইবনু হাম্বাল তার হাদীসকে যঈফ বলেছেন। তিনি আরো বলেছেনঃ তার পিতার সূত্রে তার হাদীসগুলো মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=61591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন